# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরীঃ-জেএসসি/২০১৮/২৬৯৩(২৬৫)** **তারিখ ঃ ১৪/১০/২০১৮**

**বিষয় ঃ ২০১৮ সালের জেএসসি পরীক্ষা "সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে গ্রহণ" শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে ২০১৮ সালের জেএসসি পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের সচিবদের নিয়ে পরীক্ষার মানোন্নয়ন শীর্ষক কর্মশালা নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক শিক্ষা বোর্ডের ৫ম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কর্মশালায় সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিবের সঠিক সময়ে উপস্থিতি বাধ্যতামূলক। বিধায় উক্ত মতবিনিময় সভায় জেএসসি পরীক্ষার সকল কেন্দ্র সচিবকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | কর্মশালা অনুষ্ঠিত হওয়ার তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | রংপুর | ৫১ টি | ১৮/১০/২০১৮ | সকাল ঃ ১১:০০ টা |
| ০২. | নীলফামারী | ২৭ টি | ২১/১০/২০১৮ | |
| ০৩. | লালমনিরহাট | ২৩ টি | | |
| ০৪. | ঠাকুরগাঁও | ২৫ টি | ২২/১০/২০১৮ | |
| ০৫. | পঞ্চগড় | ২৩ টি | | |
| ০৬. | কুড়িগ্রাম | ৩৫ টি | ২৩/১০/২০১৮ | |
| ০৭. | গাইবান্ধা | ৪০ টি | ২৪/১০/২০১৮ | |
| ০৮. | দিনাজপুর | ৬০ টি | ২৫/১০/২০১৮ | |

**বিঃদ্রঃ- কোন কেন্দ্র সচিব বেলা ১১:০০ টার মধ্যে কর্মশালায় উপস্থিত হতে না পারলে তাঁকে অনুপস্থিত হিসেবে গণ্য করা হবে।**

১৪/১০/১৮

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোন ঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৮।

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরীঃ-জেএসসি/২০১৮/২৬৯৩(২৬৫)** **তারিখ ঃ ১৪/১০/২০১৮**

**অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৩। Website Copy.
০৪। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১- ৫১৮৮১

(বিঃদ্রঃ- পরীক্ষার উপকরণ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন ঃ
মোবাইল ঃ ০১৭৩৫-৮৫৩৬২৪, ০১৭১৮-৮৮২৮২৪)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরীঃ-জেএসসি/২০১৮/২৬৯৪(২৬৫) তারিখ ঃ ১৪/১০/২০১৮

বিষয় ঃ <u>২০১৮ সালের জেএসসি পরীক্ষার উপকরণাদি বিতরণ সংক্রান্ত।</u>

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা আগামী ০১ নভেম্বর বৃহস্পতিবার হতে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি বিতরণ ও জমাগ্রহণ (ভান্ডার) শাখা হতে সরবরাহ করা হবে। **<u>এ কারণে জেএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</u>** কেন্দ্র সচিব, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ হলে উপকরণ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সঙ্গে আনতে হবে।

০১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিরাপদে পরিবহনের ব্যবস্থা তাঁকে নিজ দায়িত্বে করতে হবে এবং এ কাজের জন্য প্রয়োজনীয় ব্যয় পরীক্ষা কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।

০২। **<u>কেন্দ্রে পৌঁছার পরই প্রাপ্ত উপকরণাদি প্রাপ্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত সংখ্যা (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা দিয়ে সরবরাহকৃত ফরমে লিখিতভাবে ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং উক্ত রিপোর্টের ০১ (এক) কপি অর্থাৎ রিসিভড কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।</u>**

০৩। তাঁর কেন্দ্রের আওতাধীন কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষার ফি বাবদ কোন বকেয়া পাওনা থাকলে উপকরণাদি গ্রহণের পূর্বেই উক্ত পাওনা পরিশোধ করতঃ অত্র বোর্ডের হিসাব শাখা (আয়) ও মাধ্যমিক পরীক্ষা শাখা হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে অন্যথায় পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না। এ ব্যপারে তাঁকে অবশ্যই নিশ্চিত হতে হবে।

০৩। উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, তালা, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, খালি বস্তাসহ সকল সরবরাহকৃত উপকরণাদি পরীক্ষা শেষ হওয়ার পূর্বে দিনাজপুর শিক্ষা বোর্ডের Website- www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশিত সময়সূচি অনুযায়ী উদ্বৃত্ত ও বিনষ্ট মালামালসহ অবশ্যই অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝে দিতে হবে। উক্ত সময়ে উপকরণ জমাদানে ব্যর্থ হলে এবং অন্যান্য মালমাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত্ত উপকরণাদিসহ ট্রাংক ও বস্তা ইত্যাদি কোন ক্রমেই পরীক্ষা নিয়ন্ত্রকের নামে/ঠিকানায় (কুরিয়ার/ ডাকযোগে) পাঠানো যাবে না।

০৫। উপকরণাদি গ্রহণকারী কেন্দ্রের কেন্দ্র সচিব কর্তৃক গ্রহণকৃত উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে কেন্দ্রের কেন্দ্র সচিবকে নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে বুঝিয়ে দিতে হবে।

০৬। **<u>সাদা মূল উত্তরপত্র/অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে মোট টাকা সোনালী সেবার মাধ্যমে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপযুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের কেন্দ্র সচিবকে সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের পিন/সেলাই খোলা থাকলে, কোন ক্রমেই স্ট্যাপলিং/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।</u>**

০৭। বস্তা ও উদ্বৃত্ত প্রশ্নপত্র ফেরৎ দিতে ব্যর্থ হলে ক্রমিক নং -০৬ এর ন্যায় ক্ষতিপূরণ দিতে হবে।

**-ঃ জেলা ভিত্তিক কেন্দ্রওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ ও সময় নিম্নরূপ ঃ-**

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | বিতরণের তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | রংপুর | ৫১ টি | ১৮/১০/২০১৮ | অফিস চলাকালীন সময় |
| ০২. | নীলফামারী | ২৭ টি | ২১/১০/২০১৮ | |
| ০৩. | লালমনিরহাট | ২৩ টি | | |
| ০৪. | ঠাকুরগাঁও | ২৫ টি | ২২/১০/২০১৮ | |
| ০৫. | পঞ্চগড় | ২৩ টি | | |
| ০৬. | কুড়িগ্রাম | ৩৫ টি | ২৩/১০/২০১৮ | |
| ০৭. | গাইবান্ধা | ৪০ টি | ২৪/১০/২০১৮ | |
| ০৮. | দিনাজপুর | ৬০ টি | ২৫/১০/২০১৮ | |

পরীক্ষা কেন্দ্রের উদ্বৃত্ত উপকরণ ও অন্যান্য মালামাল শিক্ষা বোর্ডে ফেরৎ প্রদানের তারিখ ও সময় যথাসময়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে এবং কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক শিক্ষা বোর্ডে প্রদত্ত মোবাইল ফোনে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

১৪/১০/১৮

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র- ২০১৮।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরীঃ-জেএসসি/২০১৮/**২৬৯৪(২৬৫)** **তারিখ ঃ** ১৪/১০/২০১৮

**অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০২। ডিআইজি, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০৪। পুলিশ সুপার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী।
০৬। পোস্ট মাস্টার জেনারেল, রাজশাহী।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৮। সকল কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
০৯। রেলওয়ে সুপারিনটেনডেন্ট, পশ্চিমাঞ্চল, রাজশাহী। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১০। স্টেশন সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ রেলওয়ে, দিনাজপুর। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, প্রধান ডাকঘর, দিনাজপুর।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৩। Website Copy.
১৪। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**(বিঃদ্রঃ- পরীক্ষার উপকরণ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন ঃ**
**মোবাইল ঃ ০১৭৩৫-৮৫৩৬২৪, ০১৭১৮-৮৮২৮২৪)**